জেন্ডার টিপ শিট – খাদ্য নিরাপত্তা (Food Security)

কার্যকর কর্মসূচি চালানোর জন্য এবং সুবিধাভোগীদের প্রয়োজনমত সাড়া দিতে হলে প্রতিটি সেক্টরের মধ্যে এবং সেক্টরগুলোর পরস্পরের সাথে সমন্বয় থাকা জরুরি। আর্ত মানবতার সেবায় পরিচালিত কর্মকাণ্ডে জেন্ডারকে অন্তর্ভুক্ত করার প্রশ্নে যৌথ পরিকল্পনা - লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) সংগ্রহ, বিশ্লেষণ ও এর ওপর প্রতিবেদন তৈরি; জাতিসংঘের অঙ্গসংস্থা, আন্তর্জাতিক সংস্থা, এনজিও ও স্থানীয় নাগরিক সমাজের মধ্যে তথ্য বিনিময় ও সহযোগিতা; ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সব পক্ষের কার্যকর ও সমান অংশগ্রহণকে উৎসাহিত করা; এবং মূল্যায়ন, সহায়তা সরবরাহ ও পরিষেবা সরবরাহকারী দলগুলোতে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
খাদ্য নিরাপত্তা কর্মসূচির (Food Security) প্রতিটি ক্ষেত্র নিয়ে তৈরী এই টিপ শিট সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। জেন্ডার-সংবেদনশীল কর্মসূচি কীভাবে বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

খাদ্য নিরাপত্তা	
নিডস এসেসমেন্ট এবং বিশ্লেষণ;	➢ **লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য** (SADDD) সংগ্রহ ও বিশ্লেষণ করুন। খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন চাহিদা, সক্ষমতা ও প্রতিবন্ধকতা বোঝার জন্য অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। বিশেষ চাহিদাসম্পন্ন মানুষদেরকে চিহ্নিত করুন। জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করার ক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন: ↳ **জেন্ডার ভূমিকা এবং ক্ষমতার গতিশীলতা:** খাদ্য উৎপাদন, সংগ্রহ, প্রস্তুতি ও সংরক্ষণের ক্ষেত্রে কার কি ভূমিকা এবং কে কি পরিমান সময় ব্যয় করে, তা দেখা উচিত। খাদ্য ব্যয়ের ব্যাপারে কে সিদ্ধান্ত গ্রহণ করে, সেটি বিবেচনা করতে হবে। পরিবারের সদস্যদের মধ্যে খাবার ভাগ করে নেওয়ার অভ্যাস আছে কি না এ ব্যাপারে তথ্য সংগ্রহ করুন।

↳ **সাংস্কৃতিক রীতিনীতি এবং অনুশীলনসমূহ:** আত্মনির্ভরশীলতামূলক কাজের ব্যাপারে নারীদের স্বাধীনতা, নারী-পুরুষ কে কেমন খাদ্য সহায়তা পছন্দ করেন, রান্নায় ব্যবহৃত জ্বালানির ধরণ – ইত্যাদি বিশ্লেষণ করুন।

↳ **জ্ঞান এবং দক্ষতা।** নারী এবং পুরুষদের খাদ্য ও স্বাস্থ্যবিধি সম্পর্কিত জ্ঞান কেমন, তা যাচাই করুন।

↳ **ইন্টারসেকশনাল বিষয়সমূহ নিরুপন করুন:** খাদ্য সহায়তা সেবায় গর্ভবতী বা স্তন্যদানকারী মা, শিশু ও বৃদ্ধদের কি কি বিশেষ চাহিদা রয়েছে তা জানতে হবে।

➢ **খাদ্য নিরাপত্তা সেবার দুর্বলতাসমূহ শনাক্ত করতে একটি অংশগ্রহণমূলক** জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন:

↳ **বিতরণ পদ্ধতি।** উদ্দিষ্ট জনগোষ্ঠী নির্বাচনের ক্ষেত্রে লিঙ্গ, বয়স, প্রতিবন্ধিতা এবং অন্যান্য ঝুঁকির কারণগুলোকে বিবেচনা করুন। পরিবারের পক্ষে কে খাদ্য সহায়তা পান; ত্রাণ বিতরণের সময় ও স্থান সবার জন্য সুবিধাজনক কি না, কে কোন ধরণের বিতরণ পদ্ধতি (হস্তান্তর, ই-ভাউচার) পছন্দ করেন তা যাচাই করা উচিত।

↳ **বিতরণকৃত খাদ্য ও সহায়তার ধরন।** বিতরণকৃত খাদ্য ও উপকরণ সাংস্কৃতিকভাবে উপযুক্ত কি না; খাদ্য ও উপকরণের পরিমান পর্যাপ্ত কি না; বিতরণকৃত খাদ্যের প্যাকেট সবার পক্ষে বহনযোগ্য কি না ইত্যাদি বিবেচনা করুন।

↳ **স্ব-নির্ভর সহায়তা পদ্ধতি।** সহায়তাসমূহ নারী এবং পুরুষদের উভয়ের জন্য সাংস্কৃতিকভাবে উপযুক্ত কি না তা নিশ্চিত করুন। নারীদের অংশগ্রহণের জন্য সুযোগ আছে কি না তা নিশ্চিত করুন। বিশেষ করে স্তন্যদান করার জন্য বরাদ্দকৃত জায়গা ও শিশুর যত্ন নেওয়ার সুযোগ

	নিশ্চিত করুন। একই ধরণের কাজের জন্য নারী ও পুরুষের সমান বেতন নিশ্চিত করুন। ↳ **খাদ্য নিরাপত্তা কর্মী।** খাদ্য নিরাপত্তা কর্মীদের নির্দিষ্ট প্রশিক্ষণ দিন। বিশেষ করে তাদের জেন্ডার সম্পর্কিত জ্ঞান আছে কিনা, তাদের জন্য পি.এস.ই.এ. (PSEA) আচরণবিধি রয়েছে কি না; নারী কর্মীদের প্রশিক্ষণ এবং নারীবান্ধব কর্মপরিবেশ আছে কিনা এসব যাচাই করুন। ↳ **খাদ্য নিরাপত্তা নীতি/পরিকল্পনা।** খাদ্য নিরাপত্তা নীতি/পরিকল্পনায় জেন্ডার বিষয়ে (উপরে আলোচিত বিষয়সমূহ) বিবেচনা করা হয়েছে কিনা, যাচাই করুন। ➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) বিশ্লেষণ করে অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। যেমন- লিঙ্গ-পৃথকীকৃত ফোকাস গ্রপ ডিসকাশন, সবার অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনার জন্য উপযুক্ত সময়, স্থান ও অন্যান্য সুবিধা নিশ্চিত করুন।
কৌশলগত পরিকল্পনা	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনার নথি এবং পরিস্থিতির মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদনগুলোতে (situation reports) জেন্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। ➢ কর্মসূচি পরিকল্পনার জন্য দূর্বল জনগোষ্ঠীসহ সবার সাথে পরামর্শ করুন, যেন গৃহীত কর্মসূচিগুলো তাদের চাহিদা পূরণ করতে পারে। ➢ খাদ্য নিরাপত্তা ও জীবিকা সহায়তায় সমান অধিকার নিশ্চিত করুন, যা সমানভাবে সবার চাহিদা মেটানোর পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক বিষয়েও সংবেদনশীল হবে। ↳ **জেন্ডার ও প্রতিবন্ধী সংবেদনশীল, সহায়ক ও নিরাপদ বিতরণ ব্যবস্থা:** আশ্রয়স্থল থেকে বিতরণকেন্দ্রগুলোর দূরত্ব, নিরাপত্তা, সহজগম্যতা সুবিধাজনক সময় ইত্যাদি নিশ্চিত করুন। খাদ্য সহায়তা গ্রহণে নারীকে প্রধান গ্রাহক হিসাবে বিবেচনা করুন। দূর্বল জনগোষ্ঠীর ত্রান সহায়তায় প্রবেশগম্যতা নিশ্চিত করুন। সকলের নিরাপত্তা ও

	সামাজিক দিক বিবেচনা করে তাদের মাঝে খাদ্য বিতরণের সময়ে পৃথক লাইনের ব্যবস্থা ও সম লিঙ্গের কর্মী দ্বারা পর্যবেক্ষণের ব্যবস্থা করুন। ↳ **ফুড বাস্কেট, উপকরণ এবং অন্যান্য বিতরণকৃত সহায়তার উপযুক্ততা।** খাদ্য সহায়তার উপকরণ ও ফুড বাস্কেট যেন পর্যাপ্ত পরিমাণ ও সাংস্কৃতিকভাবে উপযুক্ত হয়। অর্থাৎ, জলের পাত্র যেন প্রধান জল সংগ্রহকারী বহন করতে পারেন এমন হয়। এক্ষেত্রে দূর্বল মানুষদের চাহিদা বিবেচনা করুন। ↳ **জেন্ডার সংবেদনশীল স্ব-নির্ভর সহায়তা:** সহায়তা প্রদানের জন্য সুবিধামত সময়, জেন্ডার-নির্দিষ্ট ও বয়স-নির্দিষ্ট সহায়তা নিশ্চিত করুন। নারী ও পুরুষদের দক্ষতা বিকাশের প্রশিক্ষণ দিন। ↳ **জেন্ডার ভারসাম্যমূলক খাদ্য নিরাপত্তা কর্মী/স্বেচ্ছাসেবক/কমিটি।** কমিটিতে নারী কর্মী নিয়োগ দিন। তাদেরকে প্রশিক্ষণ দিন এবং সুষ্ঠুভাবে কাজ করার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করুন। নারী নেতৃত্বাধীন খাদ্য নিরাপত্তা কমিটি গঠন করুন। নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে ভালোভাবে রেফারেন্স চেক করুন। ➢ খাদ্য নিরাপত্তায় নারী, পুরুষ নির্বিশেষে সবার অংশগ্রহণের বাধাগুলো দূর করতে শিক্ষা, পুষ্টি, স্বাস্থ্যসহ সবগুলো সেক্টরের সাথে যৌথভাবে কাজ করুন। ↳ **কমিউনিটি সচেতনতা এবং সামাজিক আচরণবিধির পরিবর্তন।** যেমন খাদ্য নিরাপত্তা সংক্রান্ত পারিবারিক কাজ নারী পুরুষের মাঝে ভাগ করে নেওয়ার বিষয়ে সমাজে সচেতনতা বৃদ্ধি করুন। পরিবারের সদস্য ও অর্থনৈতিক কাজে জড়িত সংস্থাগুলোর সাথে জেন্ডার সংবেদনশীলতা নিয়ে সচেতনতা বৃদ্ধি করুন। নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করুন। খাদ্য নিরাপত্তা

	উদ্যোগে নারীর অংশগ্রহণের গুরুত্ব এবং পরিবার ও সমাজে এর প্রভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করুন। ↳ **খাদ্য নিরাপত্তায় সবার সমান অংশগ্রহণের প্রতিবন্ধকতাসমূহ দূর করুন।** খাদ্য নিরাপত্তা কমিটিতে নারী ও পুরুষের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। কিংবা নারী ও পুরুষের জন্য আলাদা কমিটি করুন। নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের বিশেষ চাহিদাগুলো পূরণ করুন। ➢ **জেন্ডার সংবেদনশীল খাদ্য সহায়তার ফলে সবার মাঝে লক্ষ্যনীয় পরিবর্তনগুলো পরিমাপের সূচক তৈরী করুন।** ↳ লিঙ্গ, বয়স এবং প্রতিবন্ধিতা ভিত্তিক আলাদা আলাদা (SADD) সূচক ব্যবহার করুন, যেন বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে পার্থক্যগুলো চিহ্নিত করা যায় এবং সেগুলো নিয়ে কাজ করা যায়। ➢ কার্যক্রম পরিকল্পনায় জেন্ডার-সংবেদনশীলতা নিশ্চিত করতে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন। *কৌশলগত পরিকল্পনা তৈরি করার সময় প্রেক্ষাপট এবং আইনী কাঠামো অবশ্যই বিবেচনায় নেওয়া উচিত। এল.জি.বি.টি.কিউ.আই (LGBTQI) গোষ্ঠীর মানুষেরা যাতে ঝুঁকির সম্মুখীন না হয় সেজন্য ডু নো হার্ম (Do No Harm) এবং সুরক্ষা নীতিমালাগুলো অবশ্যই প্রয়োগ করতে হবে।
রিসোর্স মোবিলাইজেশন	↳ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে সবার বিশেষ চাহিদা খাদ্য নিরাপত্তা সেক্টরের কাছে পৌঁছে দিন, যেন তাদের বিশেষ চাহিদাগুলো অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়ন করা হয়।

	↳ খাদ্য নিরাপত্তা সেক্টরে জেন্ডার সংক্রান্ত তহবিলের স্বল্পতা নিয়ে নিয়মিত প্রতিবেদন তৈরী করুন। এই প্রতিবেদনের ভিত্তিতে সরকার ও দাতাসংস্থার সাথে জেন্ডার তহবিল বরাদ্দের জন্য অ্যাডভোকেসি করুন। ↳ খাদ্য নিরাপত্তা কার্যক্রম তৈরী করার সময় GAM প্রয়োগ করে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নে উক্ত সেক্টরের অবদান নিশ্চিত করুন।
বাস্তবায়ন ও পর্যবেক্ষণ	➢ **খাদ্য নিরাপত্তা** কর্মসূচীর সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও পর্যবেক্ষণে সবার সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ **প্রকল্পের বাস্তবায়ন ও পর্যবেক্ষণ টিমে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করুন:** প্রকল্পের বাস্তবায়ন ও পর্যবেক্ষণে সমাজে বিদ্যমান নারী অধিকার বিষয়ক সংগঠন, যুবসমাজ এবং এল.জি.বি.টি.কিউ.আই (LGBTQI) বিষয়ক সংস্থাগুলোকে যুক্ত করুন। শিশুর যত্ন কেন্দ্র তৈরি করে নারীদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ কার্যক্রমের বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নিয়োজিত কর্মীদের জেন্ডার ভারসাম্য নিশ্চিত করুন। ↳ কর্মী ও স্বেচ্ছাসেবীদের নিরাপত্তা নিশ্চিত করুন। বিশেষ করে যৌন হয়রানি ও উত্যক্ত করার ব্যাপারে অভিযোগ জানানোর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন। ↳ সবাই যেন তাদের জন্য নির্ধারিত সেবাগুলো সম্পর্কে জানে, সেগুলো পাওয়ার উপায় জানে, সে সম্পর্কে তাদের সচেতনতা নিশ্চিত করুন। ↳ শিশু-কিশোর বান্ধব, জেন্ডার সংবেদনশীল, অন্তর্ভুক্তি ও গোপনীয়তা নিশ্চিত করে এমন অভিযোগ পদ্ধতি চালু করুন। অভিযোগ বাক্স ও হটলাইন সেবা চালু করুন। পাশাপাশি বয়স ও লিঙ্গ ভিত্তিক পৃথক FGD করুন। ➢ প্রকল্পের কার্যক্রমের ফলে কারো মধ্যে কোনো ধরণের নেতিবাচক পরিবর্তন নিয়মিত পর্যবেক্ষন করুন।

	➢ **খাদ্য নিরাপত্তা সেবায় সবার প্রবেশাধিকার ও সন্তুষ্টি পর্যবেক্ষণ করুন**। নারী ও পুরুষের সন্তুষ্টির মাত্রা জানার জন্য বয়স ভিত্তিক স্যাটিসফ্যাকশন সার্ভে করুন (খাবারের মান ও বিতরণ পদ্ধতি কেমন ছিল ইত্যাদি)। ➢ প্রকল্পটি জয়েন্ট রেসপন্স প্ল্যান-এর জেন্ডার নির্দিষ্ট সূচকে অবদান রাখছে কি না তা নিশ্চিত করুন। ➢ জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা ও উন্নত করতে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ এবং মূল্যায়ন	➢ **খাদ্য নিরাপত্তায় সুবিধাভোগীদের প্রয়োজন ও সক্ষমতা সম্পর্কিত তথ্য, লিঙ্গ ও বয়স ভিত্তিক তথ্য অন্যদের কাছে পৌঁছে দিন। একইসাথে অন্যদের প্রতিক্রিয়াগুলো সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিন।** ↳ এ সংক্রান্ত তথ্য, প্রতিবেদন ও অন্যান্য উপকরণ পর্যালোচনা ও প্রচারে সহায়তা করতে পারে জেন্ডার হাব। ↳ সুবিধাভোগীদের কাছেও তথ্য পৌঁছে দিতে হবে। ➢ খাদ্য নিরাপত্তা কার্যক্রমে জেন্ডার সংবেদনশীলতা চর্চার ফলে শেখা বিষয়গুলো অন্যদেরকে জানান। ➢ **খাদ্য নিরাপত্তা প্রকল্পগুলো রিভিউ ও পর্যালোচনা করে দেখুন সেগুলো সবচেয়ে দূর্বল মানুষদেরকে চিহ্নিত করে সেবা দিয়েছে কি না।** ➢ **জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নে খাদ্য নিরাপত্তা সেক্টরের কর্মসূচির অবদান পর্যালোচনায় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।**

আরো তথ্য পাওয়া যাবে এখানে:

- Gender profiles 1 (December 2017) and 2 (March 2019)
- Gender briefs 1 (March 2018), 2 (March 2018), 3 (April 2018), 4 (June 2018), and 5 (July 2018)
- Review of Gender Mainstreaming
- জেন্ডার সংক্রান্ত শব্দগুলোর সংজ্ঞা
- Gender with Age Marker online tool

যোগাযোগ:

খাদ্য নিরাপত্তায় জেন্ডার ফোকাল পয়েন্টস – Rimu Byadya (rimu.byadya@wfp.org) এবং Nadira Islam (nadira.islam@unwomen.org) জেন্ডার হাব – Tess Dico-Young (maria.young@unwomen.org)

ACRONYMS			
FGD এফ জি ডি	Focus group discussions ফোকাস গ্রুপ ডিসকাশন	JRP জে আরপি	Joint response plan জয়েন্ট রেসপন্স প্ল্যান
GAM জি এ এম	Gender with Age Marker জেন্ডার উইথ এইজ মার্কার	LGBTQI এলজিবিটিকিউআই	Lesbian, gay, bisexual, transgender, queer and intersex হিজড়া, সমকামী , উভকামী ও অন্যান্য
GBV জি বি ভি	Gender-based violence জেন্ডার বেজড ভায়োলেন্স	PSEA পিএস ইএ	Prevention of sexual exploitation and abuse প্রিভেনশন অফ সেক্সচুয়াল এক্সপ্লয়টেশন এন্ড এবিউজ
GiHA জি আই এইচ এ	Gender in Humanitarian Action	SADDD এস এ ডি ডি ডি	Sex, age and disability disaggregated data সেক্স এজ এন্ড ডিসেবিলিটি ডিসঅগ্রেগেটেড ডাটা

	জেন্ডার ইন হিউম্যানিটেরিয়ান অ্যাকশন		লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা বিভাজিত ডাটা
GEEWG জি ই ই ডব্লিউ জি	Gender equality and empowerment of women and girls জেন্ডার ইকুয়ালিটি এন্ড এমপাওয়ারমেন্ট অফ ওমেন এন্ড গার্ল	SRHR এস আর এইচ আর	Sexual and reproductive health rights সেক্সচুয়াল এন্ড রিপ্রোডাক্টিভ হেলথ রাইটস যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার